গাংনী কাথুলি ইউনিয়নের ইউপি সদস্য আনারুল ইসলাম মারা গেছেন

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের একাধিকবার নির্বাচিত সদস্য (মেম্বর) ও স্থানীয় আওয়ামীলীগের নেতা আনারুল ইসলাম (৫৪) স্ট্রোকজনিত কারণে মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

আজ রবিবার (১৬ জুন) ভোররাত ৩ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এই তথ্য নিশ্চিত করেছেন। আজ সকাল ১০ টার সময় রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নামাজে জানাযা শেষে ধলা কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

আনারুল ইসলামের বড় ছেলে রাজু আহম্মেদ জানান, মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বাবার বুকে ব্যাথা অনুভব হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গেলো রাত ৩ টার দিকে মারা যান তিনি।

তিনি বলেন, চিকিৎসকরা জানিয়েছেন, বাবার হার্টের সমস্যার কারণেই স্ট্রোক করেছেন।

ইউপি মেম্বর আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে, ১ মেয়ে, আত্বীয় স্বজন, সহকর্মী বন্ধু বান্ধব রয়েছেন।

এদিকে এলাকার জনপ্রিয় মেম্বর আনারুল ইসলামের মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারি হেলাল উদ্দীন।

মেহেরপুরের নতুন উপজেলা চেয়ারম্যান আনারুল ইসলাম

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে মোটরসাইকেল প্রতিকে ৪০ হাজার ৯২৩ভোট পেয়ে বেসরকারিভাবে আনারুল ইসলাম মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

তার নিকটতম প্রতিদ্বন্দ্বী অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন কাপ পিরিচ প্রতিকে পেয়েছেন ১০ হাজার ৫০৭ ভোট। এছাড়া আব্দুল মান্নান ঘোড়া প্রতিকে পেয়েছেন ৩৭২ ভোট এবং মোহা: হাসেম আলী আনারস প্রতিকে পেয়েছেন ২৮৮৫ ভোট।

এছাড়া চশমা প্রতিক নিয়ে ৩৬ হাজার ১৮৬ ভোট পেয়ে দ্বিতীয়বারের মত আবুল হাসেম ভাইসচেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তার নিকটতম একমাত্র প্রতিদ্বন্দ্বী মো: শাহিন টিউবওয়েল প্রতিকে পেয়েছেন ১৬ হাজার ১৩৬ভোট।

মহিলা ভাইসচেয়ারম্যান পদে বৈদ্যুতিক পাখা প্রতিক নিয়ে ৩৪ হাজার ৬৪৬ভোট পেয়ে লতিফন নেছা লতা দ্বিতীয়বারের মত ভাইসচেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সামিউন বাশিরা পলি হাঁস প্রতিকে পেয়েছেন ১৭ হাজার ৯১৬ ভোট। এছাড়া বিএনপি প্রার্থী রোমানা আহমেদ নির্বাচন থেকে সরে দাড়িয়েও পেয়েছেন ৮১৪ ভোট।

সদর উপজেলায় মোট ভোটার সংখ্যা ছিল ২ লক্ষ ১৮ হাজার ৮০৪ ভোটার। এর মধ্যে ১ লক্ষ ৯ হাজার ৪৬৩ জন পুরুষ এবং ১ লক্ষ ৯ হাজার ৩৪০ জন নারী ভোটার।

পড়ুন মুজিবনগরের নতুন চেয়ারম্যান আমাম হোসেন মিলু

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচ এম আলমগীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্র লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক জাব্বারুল ইসলাম, জেলা ছাত্র লীগের দপ্তর সম্পাদক ইব্রাহিম হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।